# Times Today BD

ঢাকা | 16 May, 2025

মুন্সীগঞ্জের শ্রীনগর বাজারে ভয়াবহ আগুনে পুড়ে গেছে অর্ধশত দোকান।গতকাল বৃহস্পতিবার (১৫ মে) দিনগত রাত ২টার দিকে এ ঘটনা ঘটে।

জানা যায়, রাত ২টার দিকে আগুন লাগে। মুহূর্তেই তা ছড়িয়ে পড়ে বাজারের মূল অংশে। বিশেষ করে কাপড় পট্টি, বানিয়া পট্টি ও মুরগি পট্টি নামে পরিচিত তিনটি গলিতে। পরিস্থিতি সামাল দিতে ফায়ার সার্ভিসকে হিমশিম খেতে হয় সেই সময়। আগুনে কমপক্ষে ৫০টিরও বেশি দোকান সম্পূর্ণভাবে পুড়ে ছাই হয়ে গেছে।যার মধ্যে কাপড়, মুদিখানা ও মুরগির দোকান রয়েছে। শ্রীনগর ফায়ার সার্ভিস স্টেশনের স্টেশন অফিসার দেওয়ান আজাদ বলেন, ‘রাত দুইটার কিছু পর আমরা আগুন লাগার খবর পাই। দ্রুত ঘটনাস্থলে পৌঁছে ছয়টি ইউনিট একযোগে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করি।দীর্ঘ তিন ঘণ্টার চেষ্টায় ভোর পাঁচটার দিকে আগুন নিয়ন্ত্রণে আসে। বেলা সাড়ে ১১টার দিকে ভয়াবহ অগ্নিকান্ডে দোকান ভস্মিভুত পরিদর্শনে আসেন উপদেষ্টা আদিলুর রহমানসহ বিএনপির জাতীয় নির্বাহী কমিটির স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক মীর সরফত আলী সপু, শ্রীনগর উজেলা বিএনপির সাবেক সভাপতি আলহাজ্ব মমিন আলী, সাঃ সম্পাদক দেলোয়ার হোসেন,শ্রীনগর ইউপি চেয়ারম্যান তাজুল ইসলামসহ বাজার কমিটির লোকজন।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয় ব্যবসায়ী মোঃ হোসেন জানান, একটি গলিতে আগুন নিয়ন্ত্রণে এলেও অন্য গলিতে আবার নতুন করে আগুন ছড়িয়ে পড়ে। ফলে পরিস্থিতি সামাল দিতে ফায়ার সার্ভিসকে হিমশিম খেতে হয়।তবে ফায়ার সার্ভিসের দক্ষতা ও এলাকাবাসীর সহযোগিতায়

আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে। আগুনে প্রায় ৫০কোটি টাকার মালামাল ক্ষতি হয়েছে। আগুন নেভানোর কাজে স্থানীয় পুলিশ ও দোকানদাররাও সহায়তা করেছেন।

এখন পর্যন্ত অগ্নিকাণ্ডে সুনির্দিষ্ট সূত্র পাতের কারণ জানা যায়নি। এই অগ্নিকাণ্ডে শ্রীনগর বাজারের ব্যবসায়ীরা চরম ক্ষতির মুখে পড়েছেন।কান্না, হতাশা ও আতঙ্কে ভারী হয়ে উঠেছে পুরো বাজার এলাকার পরিবেশ। এ বিষয়ে তদন্ত চলমান রয়েছে, এবং ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কাজ শুরু করেছে।

ফায়ার সার্ভিস আগুন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:58

URL: https://www.timestodaybd.com/dhaka/7758072554